

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৪, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
মজুরী বোর্ড শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

এস. আর. ও নং ৮৮-আইন/২০২৩।—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৪০ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার উক্ত আইনের ধারা ১৩৯ এর অধীন ২৮ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস. আর. ও নং-৩৪৮-আইন/২০২২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত প্রজ্ঞাপনের তফসিলে ‘শিক্ষানবিশ শ্রমিকের ক্ষেত্রে’ শিরোনামাধীন দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(গ) শিক্ষানবিশিকালে শিক্ষানবিশ শ্রমিক মাসিক সর্বসাকুল্যে ৭,০০০/- (সাত হাজার) টাকা প্রাপ্ত হইবেন।”।

২। এই প্রজ্ঞাপন ২৮ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারজানা সুলতানা  
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ওনজন চান্দুগং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(৮৯০৫)

মূল্য : টাকা ৮.০০